




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মেরিন ফিশারিজ একাডেমি, মৎস্য বন্দর, চট্টগ্রাম-৪০০০



টেকসই উন্নয়নের জন্য সাগর, মহাসাগর ও সামুদ্রিক সম্পদের সংরক্ষণ ও টেকসই ব্যবহার (এসডিজি ১৪)

০৪ বছর মেয়াদী বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ কোর্সে ক্যাডেট ভর্তি বিজ্ঞপ্তি



মেরিন ফিশারিজ একাডেমির ৪৩তম ব্যাচে (২০২১-২২ শিক্ষাবর্ষ) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটি, বাংলাদেশ এর অধীনে ০৪ বছর মেয়াদী বিএসসি (অনার্স) মেরিন ফিশারিজ কোর্সে ক্যাডেট ভর্তির জন্য বাংলাদেশের যোগ্য স্থায়ী অবিবাহিত মহিলা ও পুরুষ নাগরিকদের নিকট হতে আবেদন আহ্বান করা যাচ্ছে। ভর্তিচ্ছ প্রার্থীর নিম্নবর্ণিত যোগ্যতাসমূহ থাকতে হবে:

শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) :

- মাধ্যমিক (বিজ্ঞান) বা 'ও' লেভেল (জীববিদ্যা ও রসায়নসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫ বা উহার সমমান।
- উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) বা 'এ' লেভেল (জীববিদ্যা ও রসায়নসহ) অথবা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.৫ বা উহার সমমান।
- উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় আবশ্যিকভাবে জীববিদ্যায় ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।
- উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় ইংরেজীতে ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে।

শারীরিক যোগ্যতা :

- ভর্তির জন্য প্রকাশিত বিজ্ঞপ্তির তারিখে বয়স অনধিক ২১ বছর হতে হবে।
- পুরুষের ক্ষেত্রে উচ্চতা ন্যূনতম ১৬২.৫ সেমি এবং মহিলার ক্ষেত্রে উচ্চতা ন্যূনতম ১৫৫.০০ সেমি হতে হবে।
- গ) প্রার্থীর ওজন বডিমাস ইনডেক্স অনুসারে নির্দিষ্ট ওজনের অতিরিক্ত হবে না।
- ঘ) দৃষ্টিশক্তি ন্যূনতম ৬/১২ হতে হবে।
- ঙ) কালার ভিশন স্বাভাবিক হবে তবে মহিলাদের ক্ষেত্রে শিথিলযোগ্য।

আবেদন ফি : ৬৫০.০০ টাকা (ড্যাট সহ) এবং ব্যাংক ট্রানজেকশন ফি প্রযোজ্য

অনলাইনে আবেদন ও বিস্তারিত জানার জন্য <https://edusheba.sonalibank.com.bd/mfa> লিংকে ভিজিট করুন।

আবেদনের তারিখ : ২২ সেপ্টেম্বর ২০২২ ইং হতে ২১ অক্টোবর ২০২২ ইং পর্যন্ত

- ভর্তি প্রক্রিয়ার অংশ হিসেবে আবেদনকারীগণকে প্রথমে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- লিখিত পরীক্ষায় পূর্ণমান হবে ১০০ (একশত) এবং প্রশ্ন উচ্চ মাধ্যমিক পরীক্ষা বা সমমানের পরীক্ষার পাঠ্যক্রম অনুসারে হবে।

নিচে বর্ণিত চারটি বিষয়ে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে:

- ইংরেজি ও সাধারণ জ্ঞান
- জীববিদ্যা
- পদার্থবিদ্যা এবং
- রসায়ন

প্রশ্ন হবে নৈর্বাচিক (Multiple Choice Questions) এবং প্রশ্নের জুল উত্তর প্রদানের জন্য পরীক্ষার্থীর কোনো নম্বর কর্তন করা হবে না।

বিষয়ভিত্তিক নম্বর বিভাজন নিম্নরূপ হবে:

- | | |
|---------------------------------------|------|
| ক) ইংরেজী ও সাধারণ জ্ঞান (উভয়ই ১২.৫) | - ২৫ |
| খ) জীববিদ্যা | - ২৫ |
| গ) পদার্থবিদ্যা | - ২৫ |
| ঘ) রসায়ন | - ২৫ |

সম্ভাব্য কর্মক্ষেত্র :

বিএসসি (অনার্স) ইন মেরিন ফিশারিজ কোর্সে সমাপ্তির পর পাশকৃত ক্যাডেটদের সম্ভাব্য কর্মক্ষেত্রসমূহ হলো দেশী-বিদেশী ফিশিং জাহাজ, মৎস্য ও চিংড়ি প্রক্রিয়াজাতকরণ কারখানা, সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান, দেশী-বিদেশী এনজিও ইত্যাদি।

বিশেষ দৃষ্টব্য :

- দিনের বা রাতের যে কোন সময় এমনকি বন্ধের দিনও আবেদন করা যাবে।
- যে কোন বিষয়ে অনুসন্ধানের জন্য ০১৫৫৭৬৩৬৮৫৭ মোবাইল নম্বরটিতে যোগাযোগ করা যাবে (বন্ধের দিন ব্যতীত সকাল ৯টা থেকে বিকাল ০৪:৩০ ঘটিকা পর্যন্ত)
- লিখিত পরীক্ষার সময় প্রার্থীর দুই কপি সত্যায়িত পাসপোর্ট সাইজের ছবির পিছনে ভর্তি পরীক্ষার রোল নম্বরটি লিখে এবং ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র সাথে নিয়ে আসতে হবে।
- ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংক্রান্ত তথ্য ও লিখিত পরীক্ষার তারিখ আবেদনকারী প্রার্থীদের মোবাইল ফোনে এসএমএস (SMS) এর মাধ্যমে অবহিত করা হবে।



MFA App

অধ্যক্ষ

মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম